

# ত্রিপুরা লোকসেবা আয়োগ

আগরতলা


F.No. 26 (3) - TPSC/1985

Dated, The.....<sup>8<sup>th</sup></sup> March, 2018

## প্রতিবাদ পত্র

গত ৮ই মার্চ, ২০১৮ ইং, বৃহস্পতি বার সন্ধান পত্রিকায় “মামলা বিচারাধীন থাকা সত্ত্বেও এগ্রি অফিসারের পরীক্ষা নিচ্ছে টিপিএসসি” শিরোনামে প্রকাশিত খবরটি সম্পূর্ণ বিভ্রান্তি মূলক। এ প্রসঙ্গে বলা যায় যে “ডাব্লিও পি (সি) নং ১৩৯৩ ২০১৭ ইং (শ্রী প্রবীর দত্ত বনাম রাজ্য সরকার ও অন্যান্য)” মামলাটি এখন বিচারাধীন এবং এই মামলাটির বিচারাধীন সময়ে এগ্রি অফিসারের পরীক্ষা বাতিল বা স্থগিতের কোন আদেশ উচ্চ আদালত দেননি। এ প্রসঙ্গে বলা যায় যে, গত ৬/২/২০১৮ ইং তারিখের টিপিএসসির বিজ্ঞপ্তিতেই লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের ইলিজিবেলিটি লিস্টের ক্রমিক নং ৫৩৪ এ শ্রী প্রবীর দত্তকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্যে বিবেচিত করা হয়েছে। পরবর্তী সময়ে, গত ২০/০২/২০১৮ ইং তারিখে মাননীয় উচ্চ আদালত এই মামলার বাদি শ্রী প্রবীর দত্তকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেবার আদেশ দেন এবং যদি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হন তবে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের বিবেচিত করার জন্যে। কিন্তু আদালতের অনুমতি ছাড়া বাদি শ্রী প্রবীর দত্তের লিখিত এবং মৌখিক পরীক্ষায় চূড়ান্ত ফলাফল প্রকাশ থেকে বিরত থাকতে বলা হয়েছে।

সংরক্ষণের ক্ষেত্রে তিন শতাংশ থেকে চার শতাংশ বাড়ানোর প্রক্ষেপে রাজ্য সরকারের কৃষি বিভাগের সাথে যোগাযোগ করা হলে সংশ্লিষ্ট দপ্তর থেকে জানানো হয়েছে যে এই পরীক্ষা প্রক্রিয়া পূর্ববর্তী সংরক্ষণ আইন অনুযায়ী সম্পন্ন করার জন্যে যতক্ষণ পর্যন্ত রাজ্য সরকার নতুন নিয়ম গ্রহণ না করছেন। সেই অনুযায়ী টিপিএসসি পরীক্ষা প্রক্রিয়া সম্পাদন করছে।

  
(শ্রী শান্তিরায় রিয়াং) ০৮/০৩/১৮-১৩  
সচিব

ত্রিপুরা লোকসেবা আয়োগ  
আগরতলা

### প্রতিলিপি:

- ১। ৬/২/২০১৮ ইং তারিখের টিপিএসসির ইলিজিবেলিটি লিস্টের বিজ্ঞপ্তি;
- ২। ২০/০২/২০১৮ ইং তারিখে মাননীয় উচ্চ আদালতের আদেশ;
- ৩। রাজ্য সরকারের কৃষি বিভাগের পত্র No. F.2 (326)- Agri/ Estt./ 2009- 10/Part/ 13253 dated 1/1/2018